



রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০২০ এর দরখাস্ত আহ্বানের সময়সীমা বর্ধিতকরণ

জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে শিল্প মন্ত্রণালয় রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রবর্তন করেছে। জাতীয় শিল্পনীতি-২০১৬ অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির ও হাইটেক শিল্পের সাথে জড়িত শিল্প উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠানকে ২০২০ সালের জন্য এ পুরস্কার প্রদান করা হবে। সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানসমূহের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারীর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। জাতীয় শিল্পনীতি-২০১৬, রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার সংক্রান্ত নির্দেশনাবলী, ২০১৩ এবং আবেদন ফরম (বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত Enquiry Form-1 ও Enquiry Form-2 সহ) শিল্প মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.moind.gov.bd হতে এবং অফিস চলাকালীন প্রতি কর্মদিবসে সকাল ৯টা-৫টা পর্যন্ত শিল্প মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখা (কক্ষ নং ৪৩৬, ৪র্থ তলা) হতে সংগ্রহ করা যাবে। পূরণকৃত আবেদন ফরম আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত প্রশাসন অধিশাখায় গ্রহণ করা হবে। আবেদনকারীগণকে জাতীয় শিল্পনীতি-২০১৬ এবং রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার সংক্রান্ত নির্দেশনাবলী, ২০১৩ যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, ইতঃপূর্বে যে সকল শিল্প প্রতিষ্ঠান আবেদন দাখিল করেছে সে সকল প্রতিষ্ঠানকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

মোহাম্মদ খালেকুজ্জামান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫৫৮৫৪৯

Email: dsadmin@moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার